

ওগো জলের রানী,
চেউ দিয়ো না, দিয়ো না চেউ দিয়ো না গো—
আমি যে ভয় মানি ।
কখন তুমি শান্তগভীর, কখন টলোমলো—
কখন আঁখি অধীর হাস্যমদির, কখন ছলোছলো—
কিছুই নাহি জানি ।
যাও কোথা যাও, কোথা যাও যে চঞ্চলি ।
লও গো ব্যাকুল বকুলবনের মুকুল-অঞ্জলি ।
দখিন-হাওয়ায় বনে বনে জাগল মরোমরো—
বুকের 'পরে পুলক-ভরে কাঁপুক থরোথরো
সুনীল আঁচলখানি ।
হাওয়ার দুলালী,
নাচের তালে তালে শ্যামল কুলের মন ভুলালি !
ওগো অরুণ আলোর মানিক-মালা দোলাব ওই স্রোতে,
দেব হাতে গোপন রাতে আঁধার গগন হতে
তারার ছায়া আনি ॥

Parjaay: Prem O Prakriti, Taal: Dadra, Raag: Pilu
Visit www.geetabitan.com for notation and other detail